

শিক্ষাক্রম ২০২২

ষাণ্মাসিক সাময়িক মূল্যায়ন নির্দেশিকা

বিষয় : স্বাস্থ্য সুরক্ষা | ষষ্ঠ শ্রেণি

অভিজ্ঞতাভিত্তিক
শিখন

যোগ্যতাভিত্তিক

সহযোগিতামূলক

শিখনকালীন
মূল্যায়ন

একীভূত



জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, বাংলাদেশ

ষষ্ঠ শ্রেণির ষাণ্মাসিক মূল্যায়ন বিষয়ে
শিক্ষকদের জন্য নির্দেশনা

বিষয় : স্বাস্থ্য সুরক্ষা

শিক্ষাবর্ষ : ২০২৩

ষাণ্মাসিক সামষ্টিক মূল্যায়ন : স্বাস্থ্য সুরক্ষা

আপনারা ইতোমধ্যেই জেনেছেন যে, নতুন শিক্ষাক্রম অনুযায়ী প্রতিটি বিষয়ের ক্ষেত্রে বছরে দুইটি সামষ্টিক মূল্যায়ন অনুষ্ঠিত হবে। যার মধ্যে একটি বছরের প্রথম ছয় মাসের শিখন কার্যক্রমের উপর ভিত্তি করে করা হবে। এই নির্দেশিকায় স্বাস্থ্য সুরক্ষা বিষয়ের প্রথম সামষ্টিক মূল্যায়ন ‘সুস্থতার আনন্দ’ উৎসব কার্যক্রম কীভাবে পরিচালনা করবেন সে বিষয়ে বিস্তারিত নির্দেশনা দেওয়া হলো।

শিক্ষার্থীদের পারদর্শিতার উপর ভিত্তি করে আপনারা শিখনকালীন মূল্যায়ন করেছেন। সামষ্টিক মূল্যায়নের ক্ষেত্রেও অনুরূপ নির্ধারিত কার্যক্রমে শিক্ষার্থীরা অংশগ্রহণ করবে। এ সময় শিক্ষার্থীদের অংশগ্রহণ, কাজের প্রক্রিয়া, ইত্যাদি সবকিছুই মূল্যায়নের ক্ষেত্রে বিবেচিত হবে। মূল্যায়নের নির্ধারিত কাজ ঘোষণা থেকে শুরু করে এই কার্যক্রম চলাকালে বিভিন্নভাবে আপনি শিক্ষার্থীকে সহায়তা দেবেন, তবে কাজের প্রক্রিয়া কী হবে বা সমস্যা সমাধান কীভাবে করতে হবে তা শিক্ষার্থীরাই নির্ধারণ করবে।

সামষ্টিক মূল্যায়নের জন্য সংশ্লিষ্ট কিছু কার্যক্রম নির্ধারণ করা হয়েছে যার মধ্য দিয়ে সংশ্লিষ্ট শিখন কার্যক্রমের PI গুলোর মাধ্যমে তথ্য উপাত্ত সংগ্রহ করা হবে। সেক্ষেত্রে সংশ্লিষ্ট PI এর মাত্রা অনুযায়ী আচরণ পর্যবেক্ষণ করে মূল্যায়ন সম্পাদন করবেন। প্রস্তুতির জন্য দুই কার্যদিবসের বরাদ্দকৃত সেশনের সময় এবং উপস্থাপনের জন্য নির্ধারিত ‘সুস্থতার আনন্দ’ উৎসব এর দিনটি ব্যবহার করবেন।

পরিশিষ্ট-১ এ ষাণ্মাসিক সামষ্টিক মূল্যায়নের তথ্য সংগ্রহের জন্য ছক সংযুক্ত করা আছে। শিখনকালীন মূল্যায়নের মতোই এই ছক ব্যবহার করে নির্ধারিত পারদর্শিতার সূচকে শিক্ষার্থীর অর্জনের মাত্রা নিরূপণ করতে হবে।

সাধারণ নির্দেশনা:

শুরুতেই স্বাস্থ্য সুরক্ষা বিষয়ের মূল্যায়ন কীভাবে পরিচালিত হবে তার নিয়মাবলি শিক্ষার্থীদের জানাবেন।

- মূল্যায়ন উৎসব কী প্রক্রিয়ায় অনুষ্ঠিত হবে সে সম্পর্কে ধারণা দিন। তাদেরকে ‘স্বাস্থ্য সুরক্ষা’ বিষয়ের নির্ধারিত তারিখ জানিয়ে দিন। তাদেরকে বলুন সেদিন একক ও দলগত বিভিন্ন কার্যক্রমে অংশগ্রহণের মাধ্যমে তাদের মূল্যায়ন অনুষ্ঠিত হবে।
- প্রথম ও দ্বিতীয় অধ্যায়ে তারা যে বিষয়গুলো শিখেছে তার শিখনের আলোকে ঐ কার্যক্রমগুলোতে অংশগ্রহণ করবে।
- মূল্যায়নের জন্য শিক্ষার্থীর বিভিন্ন কার্যক্রমে ব্যবহৃত কাগজ বিদ্যালয় থেকে সরবরাহ করা হবে।
- দলগত কার্যক্রমের মাধ্যমে মূল্যায়নের ক্ষেত্রে দলের সবাইকে একই মাত্রায় মূল্যায়ন করা হবে।

ষষ্ঠ শ্রেণির ষাণ্মাসিক সামষ্টিক মূল্যায়ন কার্যক্রম

ষাণ্মাসিক সামষ্টিক মূল্যায়নে প্রথম ২টি অধ্যায়ের ২টি যোগ্যতা অর্জন সংক্রান্ত মূল্যায়ন যা নিম্নলিখিত ৪টি PI এর মাধ্যমে অনুষ্ঠিত হবে।

যোগ্যতা ৬.১: সুস্থ, পরিচ্ছন্ন নিরাপদ, উৎফুল্ল ও স্বতঃস্ফূর্ত থাকতে নিজের দৈনন্দিন যত্ন ও পরিচর্যা করতে পারা এবং স্বাস্থ্যঝুঁকি সমূহ নির্ণয় ও মোকাবিলায় উদ্যোগী হওয়া।

(প্রথম অধ্যায়: সুস্থ থাকি, আনন্দে থাকি, নিরাপদ থাকি)

PI - 6.1.1 নিজের দৈনন্দিন যত্ন ও পরিচর্যা করছে

PI - 6.1.2 রোগ প্রতিরোধের সাধারণ অভ্যাসচর্চা করছে

যোগ্যতা ৬.২: শারীরিক ও মানসিক পরিবর্তন এবং এর প্রভাবের পারস্পরিক সম্পর্ক অনুধাবন করে সঠিক ব্যবস্থাপনা করতে পারা।

(দ্বিতীয় অধ্যায়: আমার কৈশোরের যত্ন)

PI - 6.2.1 বয়ঃসন্ধিকালীন পরিবর্তনসমূহকে স্বাভাবিক প্রক্রিয়া হিসেবে গ্রহণ করছে

PI - 6.2.2 বয়ঃসন্ধিকালীন পরিবর্তন সংশ্লিষ্ট দৈনন্দিন পরিচর্যা ও ব্যবস্থাপনা করছে

মোট ৪টি ধাপে মূল্যায়ন কাজ সম্পাদন হবে।

১ম ধাপ: প্রস্তুতি সপ্তাহের ১ম সেশনে স্বাস্থ্য সুরক্ষা বিষয়ের মূল্যায়ন শিক্ষার্থীদেরকে ‘সুস্থতার আনন্দ’ উৎসব এর মাধ্যমে অনুষ্ঠিত হবে তার ঘোষণা দিন। কীভাবে পরিচালিত হবে তার নিয়মাবলি শিক্ষার্থীদের জানাবেন।

নিজের দৈনন্দিন যত্ন ও পরিচর্যা, রোগ প্রতিরোধের সাধারণ অভ্যাসচর্চা এবং নিজের বয়ঃসন্ধিকালীন পরিবর্তনসমূহকে অর্থাৎ এই সাত দিনে নিজেদের শারীরিক পরিবর্তন (যদি থাকে) এবং নিজের অনুভূতির পরিবর্তন পর্যবেক্ষণ করে ব্যক্তিগত তথ্য লিপিবদ্ধ করবে। তাদেরকে বলুন স্বাস্থ্য সুরক্ষায় প্রতিদিন তারা যে কাজগুলো করছে তা-ই যেন লিপিবদ্ধ করে।

বয়ঃসন্ধিকালীন পরিবর্তন সম্পর্কিত তথ্য লিখতে কেউ কেউ অস্বস্তি বোধ করতে পারে তাই তাদেরকে বলুন ব্যক্তিগত তথ্য নিয়ে এই কাজটি তারা এককভাবে করবে এবং এটা অন্য কেউ দেখবে না। যে কাজগুলো করছে সেগুলোকে পর্যবেক্ষণ করে ৭দিনের কাজগুলো লিপিবদ্ধ করবে।

২য় ধাপ: প্রস্তুতি সপ্তাহে ২য় সেশনে তাদের কাজের ব্যক্তিগত অগ্রগতি চেক করুন। ১ম প্রস্তুতি সেশনের পরে তারা নিজেদের তথ্য ঠিকমত লিখে রেখেছে কী না তা যাচাই করে প্রয়োজনীয় ফিডব্যাক দিন। যেমন: কেউ হয়ত দৈনন্দিন যত্ন ও পরিচর্যা ও নিজের বয়ঃসন্ধিকালীন পরিবর্তনসমূহের তথ্য লিখেছে কিন্তু রোগ প্রতিরোধের সাধারণ অভ্যাসচর্চার তথ্য বাদ পরে গেছে। তাকে সচেতন করে দিন যে ৩টি ক্ষেত্রেই তথ্যগুলো লিপিবদ্ধ করতে হবে কারণ স্বাস্থ্য সুরক্ষার মূল্যায়ন দিন ‘সুস্থতার আনন্দ’ উৎসব এ আমরা এ বিষয়গুলো নিয়ে কাজ করব।

৩য় ধাপ: মূল্যায়ন উৎসবের দিনে শিক্ষার্থীরা

- বয়ঃসন্ধিকালীন পরিবর্তনসমূহকে পর্যবেক্ষণ করে যে ব্যক্তিগত তথ্য লিপিবদ্ধ করেছে তা ব্যবহার করে জার্নাল লিখবে এবং জমা দিবে।
- নিজের দৈনন্দিন যত্ন ও পরিচর্যা, রোগ প্রতিরোধের সাধারণ অভ্যাসচর্চার যে কাজগুলো তারা লিপিবদ্ধ করেছে সে তথ্য ব্যবহার করে তারা কী কী অভ্যাস চর্চা করছে, কী কী করছে না এবং কী কী চ্যালেঞ্জের মুখোমুখি হয়েছে তা নিয়ে দলগত পর্যালোচনা ও বিশ্লেষণ করবে।
- তারা যে চ্যালেঞ্জগুলোর মুখোমুখি হয়েছে তা মোকাবিলার উপায় অভিনয়ের মাধ্যমে উপস্থাপন করবে।

৪র্থ ধাপ: শিক্ষার্থীদের অর্জিত পারদর্শিতার মাত্রা 'ষাণ্মাসিক সামষ্টিক মূল্যায়ন' ফর্মে তুলবেন।

মূল্যায়ন উৎসবের দিনে করণীয় কাজ:

কাজ ১: 'সুস্থতার আনন্দ' বোর্ডে লিখে দিবেন এবং উৎসবের উদ্বোধন ঘোষণা করবেন।

কাজ ২: নিজের বয়ঃসন্ধিকালীন পরিবর্তনসমূহকে অর্থাৎ এই সাত দিনে নিজেদের শারীরিক পরিবর্তন এবং নিজের অনুভূতির পরিবর্তন পর্যবেক্ষণ করে তারা যে তথ্য সংগ্রহ করেছে তা ব্যবহার করে একটি জার্নাল লিখতে বলুন। এই কাজটি তারা এককভাবে করবে এবং এটা অন্য কেউ দেখবে না। শারীরিক ও মানসিক কী কী পরিবর্তন হয়েছে? তার অভিজ্ঞতা কেমন? কী কী চিন্তা হয়েছে? তখন কী করেছে? কোনো সমস্যা হয়েছে কী? সমস্যা সমাধানে কী করেছে? বিষয়গুলোকে মাথায় রেখে তারা নিজেদের জার্নাল লিখতে পারে। তাদেরকে আবারও মনে করিয়ে দিন তারা নিজেদের তথ্য ব্যবহার করেই কেবল এই জার্নাল লিখবে।

বয়ঃসন্ধিকালীন পরিবর্তন নিয়ে শিক্ষার্থীর লিখে আনা ব্যক্তিগত তথ্য ও জার্নালে নিজের নাম ও রোল নম্বর যাচাই করে জমা নিয়ে নিন। আপনি আপনার সুবিধামতো সময়ে তার সংগৃহীত তথ্য ও জার্নালে এ তথ্যের ব্যবহার পর্যালোচনা করে PI - 6.2.1 ও PI - 6.2.2 এর যে পরিমাপকের সাথে মেলে সেই অনুযায়ী তার পারদর্শিতার মাত্রা নির্ণয় করবেন।

কাজ ৩: সংখ্যা অনুপাতে শিক্ষার্থীদেরকে দলে ভাগ করে দিন। এবার দৈনন্দিন যে কাজগুলো গত ৭ দিন লিপিবদ্ধ করেছে শ্রেণিকক্ষে তা বিশ্লেষণ করতে বলুন এবং তারা কী কী চ্যালেঞ্জের মুখোমুখি হয়েছে তা বের করতে বলুন। এর মধ্যে থেকে ভূমিকাভিনয়ের জন্য ১টি বাছাই করতে বলুন।

কাজ ৪: এবার এই চ্যালেঞ্জ মোকাবিলার জন্য তারা কী করতে পারে তা ভূমিকাভিনয়ের মাধ্যমে দেখানোর জন্য প্রস্তুতি নিতে ২০ মিনিট সময় দিন।

কাজ ৫: প্রস্তুতি শেষে প্রতিটি দলকে ৩-৫মিনিট সময়ে ভূমিকাভিনয় করে দেখাতে বলুন। অভিনয় শেষে অন্য দলের শিক্ষার্থীদের কাছ থেকে ফিডব্যাক নিন।

উপরোল্লিখিত কার্যক্রমের মাধ্যমে কীভাবে PI এর মাত্রা নির্ণয় করবেন

🌈 নিজেদের ৭ দিনের তথ্য পর্যালোচনার ধরন ও চ্যালেঞ্জ মোকাবিলার উপায় নিয়ে দলগত প্রস্তুতিতে অংশগ্রহণ ও উপস্থাপন প্রক্রিয়ায় PI - ৬.১.১ ও PI - ৬.১.২ মাত্রা সংক্রান্ত পরিমাপক আচরণগুলো পর্যবেক্ষণ করে শিক্ষার্থীর পারদর্শিতা যে মাত্রার সাথে মিলে তার উপর ভিত্তি করে সকল শিক্ষার্থীর মূল্যায়ন করবেন।

পারদর্শিতার নির্দেশক (PI)	পারদর্শিতার মাত্রা		
	□	○	△
PI-৬.১.১ নিজের দৈনন্দিন যত্ন ও পরিচর্যা সংক্রান্ত নির্দেশনা অনুসরণ করছে। যত্ন ও পরিচর্যা করছে	দৈনন্দিন যত্ন ও পরিচর্যা সংক্রান্ত নির্দেশনা অনুসরণ করছে। পর্যবেক্ষণ ও পারদর্শিতার মাত্রা পরিমাপক আচরণ: খাদ্য ও পুষ্টি - প্রতিদিনের খাবারে শাকসবজি, ডাল/মাছ/মাংস, পর্যাপ্ত পানি খাওয়ার নির্দেশনা অনুসরণ করছে।	বিদ্যালয়ে এবং/বা বাড়িতে দৈনন্দিন যত্ন ও পরিচর্যা করার উদ্যোগ আছে (প্রতিটি ক্ষেত্র থেকে চর্চার উদ্যোগ আছে)। পর্যবেক্ষণ ও পারদর্শিতার মাত্রা পরিমাপক আচরণ: খাদ্য ও পুষ্টি - বিদ্যালয়ে এবং/বা বাড়িতে স্বাস্থ্যকর খাবার গ্রহণ করছে	নিজ উদ্যোগে বিদ্যালয়ে এবং/বা বাড়িতে দৈনন্দিন যত্ন ও পরিচর্যা করছে (প্রতিটি ক্ষেত্র থেকে চর্চা করছে)। পর্যবেক্ষণ ও পারদর্শিতার মাত্রা পরিমাপক আচরণ: খাদ্য ও পুষ্টি - বিদ্যালয়ে এবং/বা বাড়িতে প্রতিদিনের খাবারে নিজ উদ্যোগে শাকসবজি, ডাল/মাছ/মাংস,

	<p>খেলাখুলা ও শরীরচর্চা - বিভিন্ন খেলাখুলা ও শরীরচর্চার নির্দেশনা অনুসরণ করছে।</p> <p>মনের যন্ত্র - বিনোদনমূলক কার্যক্রমে অংশগ্রহণের নির্দেশনা অনুসরণ করছে।</p>	<p>শাকসবজি, ডাল/মাছ/মাংস , পর্যাপ্ত পানি সমন্বয়ের উদ্যোগ গ্রহণ করছে/অভ্যাস গড়ে তোলার চেষ্টা করছে, খাদ্যমান ঠিক আছে এমন খাদ্য নির্বাচনে আগ্রহ দেখাচ্ছে।</p> <p>খেলাখুলা ও শরীরচর্চা - নিজের পছন্দমতো খেলাখুলা ও শরীর চর্চায় অনিয়মিত অংশগ্রহণ করছে।</p> <p>মনের যন্ত্র - বিনোদনমূলক কার্যক্রমে অংশগ্রহণের অনিয়মিত উদ্যোগ গ্রহণ করছে।</p>	<p>পর্যাপ্ত পানি খাচ্ছে, খাদ্যমান ঠিক আছে এমন খাদ্য নির্বাচন করছে।</p> <p>খেলাখুলা ও শরীরচর্চা - নিজ উদ্যোগে খেলাখুলা ও শরীরচর্চায় অংশগ্রহণ করছে।</p> <p>মনের যন্ত্র - নিজের পছন্দমতো বিনোদনমূলক বিভিন্ন কার্যক্রমে নিজ উদ্যোগে অংশগ্রহণ করছে।</p>
<p>PI-৬.১.২ রোগ প্রতিরোধের সাধারণ অভ্যাসচর্চা করছে</p>	<p>রোগ প্রতিরোধে ব্যক্তিগত স্বাস্থ্য ও পরিচ্ছন্নতার নির্দেশনা অনুসরণ করছে।</p> <p>পর্যবেক্ষণ ও পারদর্শিতার মাত্রা পরিমাপক আচরণ:</p> <p>খাদ্য - নির্দেশনা অনুসরণ করে খাবার আগে হাত ধুয়ে খাচ্ছে/ বিশুদ্ধ পানি পান করছে/কাঁচা ফল বিশুদ্ধ পানি দিয়ে ধুয়ে খাচ্ছে/ পঁচা, বাসি, খোলা খাবার খাওয়া থেকে বিরত থাকছে/জাঙ্কফুড, কৃত্রিম রং যুক্ত খাবার পরিহার করছে।</p> <p>বাতাস দূষণ: হাঁচি কাশির সময় কনুই বা রুমাল বা টিস্যু ব্যবহার করার নির্দেশনা মানছে।</p> <p>ঘুম ও বিশ্রাম: পর্যাপ্ত ঘুম ও বিশ্রাম/ভোরে ঘুম থেকে ওঠা ও রাত না জাগার নির্দেশনা মানছে।</p>	<p>বিদ্যালয়ে এবং/বা বাড়িতে ব্যক্তিগত স্বাস্থ্য ও পরিচ্ছন্নতার সাধারণ অভ্যাস মেনে চলার উদ্যোগ আছে।</p> <p>পর্যবেক্ষণ ও পারদর্শিতার মাত্রা পরিমাপক আচরণ:</p> <p>বিদ্যালয়ে এবং/বা বাড়িতে নিজে থেকেই খাবার আগে হাত ধোয়া/ নিরাপদ পানি পান করা/কাঁচা ফল বিশুদ্ধ পানি দিয়ে ধুয়ে খাওয়া/ পঁচা, বাসি, খোলা খাবার খাওয়া থেকে বিরত থাকা /জাঙ্কফুড পরিহার করার অনিয়মিত উদ্যোগ নিচ্ছে।</p> <p>বাতাস দূষণ: হাঁচি কাশির সময় কনুই বা রুমাল বা টিস্যু ব্যবহার করছে তবে তা নিয়মিত নয়।</p> <p>ঘুম ও বিশ্রাম: পর্যাপ্ত ঘুম ও বিশ্রাম নিচ্ছে /ভোরে ঘুম থেকে উঠছে/ রাত জাগছে না।</p>	<p>নিজ উদ্যোগে বিদ্যালয়ে এবং/বা বাড়িতে ব্যক্তিগত স্বাস্থ্য ও পরিচ্ছন্নতার সাধারণ অভ্যাস চর্চা করছে।</p> <p>পর্যবেক্ষণ ও পারদর্শিতার মাত্রা পরিমাপক আচরণ:</p> <p>বিদ্যালয়ে এবং/বা বাড়িতে খাবার আগে নিয়মিত হাত ধুচ্ছে/ সব সময় নিরাপদ পানি পান করছে/কাঁচা ফল সব সময় বিশুদ্ধ পানি দিয়ে ধুয়ে খাচ্ছে/ পঁচা, বাসি, খোলা খাবার খাচ্ছে না/জাঙ্কফুড খাচ্ছে না।</p> <p>বাতাস দূষণ: হাঁচি কাশির সময় নিয়মিত কনুই বা রুমাল বা টিস্যু ব্যবহার করছে।</p> <p>ঘুম ও বিশ্রাম: নিয়মিত পর্যাপ্ত ঘুমাচ্ছে/ নিয়মিত বিশ্রাম নিচ্ছে/নিয়মিত ভোরে ঘুম থেকে উঠছে/ রাতে ঠিকমত সময়ে ঘুমাচ্ছে।</p>

বয়স্কিকালীন পরিবর্তনের ব্যক্তিগত জার্নালে শিক্ষার্থী নিজের পরিবর্তন পর্যবেক্ষণ করে তথ্য লিপিবদ্ধ করছে, শরীর ও মনের পরিবর্তন স্বাস্থ্যের সাথে জার্নালে প্রকাশ করেছে কি না তা দেখে **PI - ৬.১.১** এর মাত্রা নির্ধারণ করবেন। একইভাবে শরীর ও মনের পরিবর্তনের পরিস্থিতি সে অনুধাবন করতে পারছে, নিজেকে দোষারোপ না করে নিজেকে স্বস্তি দিচ্ছে ও ব্যবস্থাপনার পদক্ষেপ নিচ্ছে এবং প্রয়োজনে অন্যদের কাছ থেকে সহযোগিতা চেয়েছে- এই তথ্যগুলো জার্নালে তাদের লেখায় এসেছে কি না তার উপর ভিত্তি করে **PI - ৬.১.১** এর পারদর্শিতার মাত্রা সংক্রান্ত পরিমাপক আচরণগুলো পর্যবেক্ষণ করে শিক্ষার্থীদের পারদর্শিতার মাত্রা নির্ণয় করুন।

পারদর্শিতার নির্দেশক (PI)	পারদর্শিতার মাত্রা		
	□	○	△
PI-৬.২.১ বয়ঃসন্ধিকালীন পরিবর্তনসমূহকে স্বাভাবিক প্রক্রিয়া হিসেবে গ্রহণ করেছে	নিজের বয়ঃসন্ধিকালীন পরিবর্তনসমূহ নিয়ে জানার আগ্রহ প্রকাশ করেছে এবং আলোচনায় অংশগ্রহণ করেছে। পর্যবেক্ষণ ও পারদর্শিতার মাত্রা পরিমাপক আচরণ: তার নিজের শরীর, মনের ও আচরণের পরিবর্তনগুলো পর্যবেক্ষণ ও স্বাস্থ্যদ্যে আলোচনা করেছে/ বন্ধু ও সমবয়সীদেরকে তথ্য জানাতে আগ্রহ প্রকাশ করেছে।	নিজের বয়ঃসন্ধিকালীন পরিবর্তনসমূহ নিয়ে প্রশ্ন করছে এবং নির্ভরযোগ্য সূত্র থেকে উত্তর খোঁজার চেষ্টা করেছে। পর্যবেক্ষণ ও পারদর্শিতার মাত্রা পরিমাপক আচরণ: নিজের শরীর, মন ও আচরণের পরিবর্তন বিষয়ক প্রশ্ন করছে/ নির্ভরযোগ্য সূত্র থেকে তথ্য অনুসন্ধান করেছে ও প্রয়োজনে সহযোগিতা চাইছে/ সঠিক তথ্য ব্যবহার করে নিজে চর্চার উদ্যোগ নিচ্ছে।	নিজের বয়ঃসন্ধিকালীন পরিবর্তনসমূহ স্বাভাবিক প্রক্রিয়া হিসেবে গ্রহণ করেছে। পর্যবেক্ষণ ও পারদর্শিতার মাত্রা পরিমাপক আচরণ: নিজের পরিবর্তনগুলো নিয়ে অস্বস্তি ও দুশ্চিন্তা বোধ করছে না/ নিজে সঠিক তথ্য ব্যবহার করেছে/ সহজভাবে প্রশ্ন করছে ও সাহায্য চাইছে বিব্রতবোধ করছে না/ দৈনন্দিন কার্যক্রমে স্বতঃস্ফূর্ত অংশগ্রহণ করেছে।
PI-৬.২.২ বয়ঃসন্ধিকালীন পরিবর্তন সংশ্লিষ্ট দৈনন্দিন পরিচর্যা ও ব্যবস্থাপনা করছে	বয়ঃসন্ধিকালীন পরিবর্তনের দৈনন্দিন ব্যবস্থাপনার উদ্যোগ আছে এবং সহায়তা চাইছে। পর্যবেক্ষণ ও পারদর্শিতার মাত্রা পরিমাপক আচরণ: * ব্যক্তিগত পরিচ্ছন্নতা ও ব্যবস্থাপনার উপায়গুলো চর্চার উদ্যোগ নিচ্ছে। (নিয়মিত গোসল করা, স্বাভাবিক ও সুস্বাদু খাদ্যগ্রহণ অব্যাহত রাখা মাসিকের সময় পরিষ্কার কাপড়/প্যাড ব্যবহার করা ও নির্দিষ্ট জায়গায় ফেলা) * শরীর, মন বা আচরণ বিষয়ক কোনো সমস্যাবোধ করলে তা নিয়ে আলোচনা করেছে।	বয়ঃসন্ধিকালীন পরিবর্তনের দৈনন্দিন পরিচর্যা ও ব্যবস্থাপনা অনেকাংশে করছে। পর্যবেক্ষণ ও পারদর্শিতার মাত্রা পরিমাপক আচরণ: * ব্যক্তিগত পরিচ্ছন্নতার ও ব্যবস্থাপনার উপায়গুলো অনেকাংশে চর্চা করছে। * শরীর, মন বা আচরণ বিষয়ক কোনো সমস্যাবোধ করলে তা সমাধানের জন্য পরামর্শ/সহযোগিতা চাইছে, লুকিয়ে রাখছে না ও বিব্রতবোধ করছে না।	বয়ঃসন্ধিকালীন পরিবর্তনের দৈনন্দিন পরিচর্যা ও ব্যবস্থাপনা সঠিকভাবে করছে। পর্যবেক্ষণ ও পারদর্শিতার মাত্রা পরিমাপক আচরণ: * ব্যক্তিগত পরিচ্ছন্নতার নিয়ম মেনে পালন করা * শরীর, মন বা আচরণ বিষয়ক কোনো সমস্যাবোধ করলে নিজে তা সমাধানের চেষ্টা করছে এবং প্রয়োজনে সহযোগিতা চাইছে যেমন মাসিকের সময় পেট ব্যাথা হলে গরম সেক নেওয়া, ঘন ঘন মন খারাপ বা রাগ হলে মন ভালো রাখার জন্য কৌশল ব্যবহার করা, অন্যদের সাথে অপ্রত্যাশিত আচরণ করে ফেললে বিশ্বস্ত কারও পরামর্শ নেওয়া

মূল্যায়ন শেষ করে শিক্ষার্থীদের অর্জিত পারদর্শিতার মাত্রা 'ষাণ্মাসিক সামষ্টিক মূল্যায়নের জন্য শিক্ষার্থীর উপাত্ত সংগ্রহের ছকে (পরিশিষ্ট-২) এ রেকর্ড করবেন। প্রয়োজনে ছকটি ফটোকপি করে ব্যবহার করুন।

শিক্ষার্থীর ষাণ্মাসিক মূল্যায়নের ট্রান্সক্রিপ্ট প্রস্তুতকরণ

কোনো একজন শিক্ষার্থীর সবগুলো পারদর্শিতার সূচকে অর্জনের মাত্রা ট্রান্সক্রিপ্টে উল্লেখ করা থাকবে (পরিশিষ্ট-৩) এ ষাণ্মাসিক মূল্যায়ন শেষে শিক্ষার্থীর ট্রান্সক্রিপ্টের ফরম্যাট সংযুক্ত করা আছে। শিক্ষার্থীর মূল্যায়নের প্রতিবেদন হিসেবে ষাণ্মাসিক সামষ্টিক মূল্যায়নের পর এই ট্রান্সক্রিপ্ট প্রস্তুত করা হবে, যা থেকে শিক্ষার্থী, অভিভাবক বা সংশ্লিষ্ট ব্যক্তিবর্গ স্বাস্থ্য সুরক্ষা বিষয়ে শিক্ষার্থীর সামগ্রিক অগ্রগতির একটা চিত্র বুঝতে পারবেন।

শিখনকালীন ও ষাণ্মাসিক সামষ্টিক মূল্যায়নে প্রত্যেক শিক্ষার্থীর অর্জিত পারদর্শিতার মাত্রার ভিত্তিতে তার ষাণ্মাসিক মূল্যায়নের ট্রান্সক্রিপ্ট তৈরি করা হবে। ট্রান্সক্রিপ্টের ক্ষেত্রেও শিক্ষার্থীর প্রাপ্ত অর্জনের মাত্রা চতুর্ভুজ, বৃত্ত, বা ত্রিভুজ (\square \circ \triangle) দিয়ে প্রকাশ করা হবে। এখানে উল্লেখ্য যে, শিখনকালীন ও সামষ্টিক মূল্যায়নে একই পারদর্শিতার সূচকে একাধিকবার তার অর্জনের মাত্রা নিরূপণ করতে হতে পারে। এরকম ক্ষেত্রে, একই পারদর্শিতার সূচকে কোনো শিক্ষার্থীর দুই বা ততোধিক বার ভিন্ন ভিন্ন মাত্রার পর্যবেক্ষণ পাওয়া যেতে পারে। এক্ষেত্রে, কোনো একটিতে—

- যদি সেই পারদর্শিতার সূচকে ত্রিভুজ (\triangle) চিহ্নিত মাত্রা অর্জিত হয়, তবে ট্রান্সক্রিপ্টে সেটিই উল্লেখ করা হবে।
- যদি কোনোবারই ত্রিভুজ (\triangle) চিহ্নিত মাত্রা অর্জিত না হয়ে থাকে তবে দেখতে হবে অন্তত একবার হলেও বৃত্ত (\circ) চিহ্নিত মাত্রা শিক্ষার্থী অর্জন করেছে কিনা; করে থাকলে সেটিই ট্রান্সক্রিপ্টে উল্লেখ করা হবে।
- যদি সবগুলোতেই শুধুমাত্র চতুর্ভুজ (\square) চিহ্নিত মাত্রা অর্জিত হয়, শুধুমাত্র সেই ক্ষেত্রে ট্রান্সক্রিপ্টে এই মাত্রার অর্জন লিপিবদ্ধ করা হবে।

পরিশিষ্ট ১

আচরণিক সূচক (Behavioural Indicator, BI)

এখানে আচরণিক সূচকের একটা তালিকা দেয়া হলো। বছর জুড়ে পুরো শিখন কার্যক্রম চলাকালে শিক্ষার্থীদের আচরণ, দলীয় কাজে অংশগ্রহণ, আগ্রহ, সহযোগিতামূলক মনোভাব ইত্যাদি পর্যবেক্ষণ করে এই সূচকসমূহে প্রত্যেক শিক্ষার্থীর অর্জনের মাত্রা নির্ধারণ করতে হবে। পারদর্শিতার সূচকের পাশাপাশি এই আচরণিক সূচকে অর্জনের মাত্রাও প্রত্যেক শিক্ষার্থীর ষাণ্মাসিক ট্রান্সক্রিপ্টের অংশ হিসেবে যুক্ত থাকবে, পরিশিষ্ট ২ এর ছক ব্যবহার করেই আচরণিক সূচকে মূল্যায়নের তথ্য সংগ্রহ করতে হবে।

আচরণিক সূচক	শিক্ষার্থীর অর্জনের মাত্রা		
	□	○	△
১. দলীয় কাজে সক্রিয় অংশগ্রহণ করছে	দলের কর্মপরিকল্পনায় বা সিদ্ধান্তগ্রহণে অংশ নিচ্ছে না, তবে নিজের মত করে কাজে অংশগ্রহণ করার চেষ্টা করছে	দলের কর্মপরিকল্পনায় বা সিদ্ধান্তগ্রহণে যথাযথভাবে অংশগ্রহণ না করলেও দলীয় নির্দেশনা অনুযায়ী নিজের দায়িত্বটুকু যথাযথভাবে পালন করছে	দলের সিদ্ধান্ত ও কর্মপরিকল্পনায় সক্রিয় অংশগ্রহণ করছে, সেই অনুযায়ী নিজের ভূমিকা যথাযথভাবে পালন করছে
২. নিজের বক্তব্য ও মতামত দলের সবার সাথে শেয়ার করছে, এবং অন্যদের বক্তব্য শুনে গঠনমূলক আলোচনায় অংশ নিচ্ছে	দলের আলোচনায় একেবারেই মতামত দিচ্ছে না অথবা অন্যদের কোন সুযোগ না দিয়ে নিজের মত চাপিয়ে দিতে চাইছে	নিজের বক্তব্য বা মতামত কদাচিৎ প্রকাশ করলেও জোরালো যুক্তি দিতে পারছে না অথবা দলীয় আলোচনায় অন্যদের তুলনায় বেশি কথা বলছে	নিজের যৌক্তিক বক্তব্য ও মতামত স্পষ্টভাষায় দলের সবার সাথে শেয়ার করছে, এবং অন্যদের যুক্তিপূর্ণ মতামত মেনে নিয়ে গঠনমূলক আলোচনা করছে
৩. নির্দিষ্ট সমস্যা সমাধানে পূর্বনির্ধারিত প্রক্রিয়া অনুযায়ী কাজের ধাপসমূহ যথাযথভাবে অনুসরণ করছে	নির্দিষ্ট সমস্যা সমাধানে পূর্বনির্ধারিত প্রক্রিয়া অনুযায়ী কিছু কিছু কাজের ধাপ অনুসরণ করছে কিন্তু ধাপগুলোর ধারাবাহিকতা রক্ষা করতে পারছে না	পূর্বনির্ধারিত প্রক্রিয়া অনুযায়ী কাজের ধাপসমূহ অনুসরণ করছে কিন্তু যে নির্দিষ্ট সমস্যা সমাধানের উদ্দেশ্যে কাজটি পরিচালিত হচ্ছে তার সাথে অনুসৃত ধাপগুলোর সম্পর্ক স্থাপন করতে পারছে না	নির্দিষ্ট সমস্যা সমাধানের উদ্দেশ্যে পূর্বনির্ধারিত প্রক্রিয়া মেনে কাজের ধাপসমূহ যথাযথভাবে অনুসরণ করছে, প্রয়োজনে প্রক্রিয়া পরিমার্জন করছে
৪. শিখন অভিজ্ঞতাসমূহ চলাকালে পাঠ্যপুস্তকে বর্ণিত কাজগুলো সম্পন্ন করছে এবং বইয়ের নির্ধারিত স্থানে প্রয়োজনীয় ছক/অনুশীলনী পূরণ করছে	শিখন অভিজ্ঞতাসমূহ চলাকালে পাঠ্যপুস্তকে বর্ণিত কাজগুলো কদাচিৎ সম্পন্ন করছে তবে বইয়ের নির্ধারিত স্থানে প্রয়োজনীয় ছক/অনুশীলনী পূরণ করেনি	শিখন অভিজ্ঞতাসমূহ চলাকালে পাঠ্যপুস্তকে বর্ণিত কাজগুলো আংশিকভাবে সম্পন্ন করছে এবং কিছু ক্ষেত্রে বইয়ের নির্ধারিত স্থানে প্রয়োজনীয় ছক/অনুশীলনী পূরণ করছে	শিখন অভিজ্ঞতাসমূহ চলাকালে পাঠ্যপুস্তকে বর্ণিত কাজগুলো যথাযথভাবে সম্পন্ন করছে এবং বইয়ের নির্ধারিত স্থানে প্রয়োজনীয় ছক/অনুশীলনী পূরণ করছে
৫. পরিকল্পনা অনুযায়ী যথাসময়ে নির্ধারিত কাজ সম্পন্ন করছে	সঠিক পরিকল্পনার অভাবে সকল ক্ষেত্রেই কাজ সম্পন্ন করতে নির্ধারিত সময়ের চেয়ে বেশি সময় লাগছে	যথাসময়ে নির্ধারিত কাজ সম্পন্ন করার চেষ্টা করছে কিন্তু সঠিক পরিকল্পনার অভাবে কিছুক্ষেত্রে নির্ধারিত সময়ের চেয়ে বেশি সময় লাগছে	পরিকল্পনা অনুযায়ী যথাসময়ে নির্ধারিত কাজ সম্পন্ন করছে
৬. দলীয় ও একক কাজের বিভিন্ন ধাপে সততার পরিচয় দিচ্ছে	কাজের বিভিন্ন ধাপে, যেমন- তথ্য সংগ্রহ, বিশ্লেষণ ও উপস্থাপন, কাজের প্রক্রিয়া বর্ণনায়, কাজের ফলাফল প্রকাশ ইত্যাদি বিভিন্ন ক্ষেত্রে মনগড়া বা অপ্রাসঙ্গিক তথ্য দিচ্ছে এবং ব্যর্থতা লুকিয়ে রাখতে চাইছে	কাজের বিভিন্ন ধাপে, যেমন- তথ্য সংগ্রহ, বিশ্লেষণ ও উপস্থাপন, নিজের ও দলের ব্যর্থতা বা সীমাবদ্ধতা নিয়ে আলোচনা, কাজের প্রক্রিয়া ও ফলাফল বর্ণনা ইত্যাদি ক্ষেত্রে বিস্তারিত তথ্য দিচ্ছে তবে এই বর্ণনায় নিরপেক্ষতার অভাব রয়েছে	কাজের বিভিন্ন ধাপে, যেমন- তথ্য সংগ্রহ, বিশ্লেষণ ও উপস্থাপন, কাজের প্রক্রিয়া বর্ণনায়, নিজের ও দলের ব্যর্থতা বা সীমাবদ্ধতা নিয়ে আলোচনায়, কাজের ফলাফল প্রকাশ ইত্যাদি সকল ক্ষেত্রে নিরপেক্ষতা ও বস্তুনিষ্ঠতার পরিচয় দিচ্ছে
৭. নিজের দায়িত্ব পালনের পাশাপাশি অন্যদের কাজে সহযোগিতা করছে এবং দলে সমন্বয় সাধন করছে	এককভাবে নিজের উপর অর্পিত দায়িত্বটুকু পালন করতে চেষ্টা করছে তবে দলের অন্যদের সাথে সমন্বয় করছে না	দলে নিজ দায়িত্ব পালনের পাশাপাশি দলের মধ্যে যারা ঘনিষ্ঠ শুধু তাদেরকে সহযোগিতা করার চেষ্টা করছে	নিজের দায়িত্ব সুষ্ঠুভাবে পালনের পাশাপাশি অন্যদের কাজে প্রয়োজনীয় সহযোগিতা করছে এবং দলীয় কাজে সমন্বয় সাধনের চেষ্টা করছে

<p>৮. অন্যদের দৃষ্টিভঙ্গির ভিন্নতা ও বৈচিত্র্যের প্রতি শ্রদ্ধা রেখে তাদের মতামতের গঠনমূলক সমালোচনা করছে</p>	<p>অন্যদের দৃষ্টিভঙ্গির ভিন্নতা ও বৈচিত্র্যকে গুরুত্ব দিচ্ছে না এবং নিজের দৃষ্টিভঙ্গি চাপিয়ে দিচ্ছে</p>	<p>অন্যদের দৃষ্টিভঙ্গির ভিন্নতা ও বৈচিত্র্যকে স্বীকার করছে এবং অন্যের যুক্তি ও মতামতকে গুরুত্ব দিচ্ছে</p>	<p>অন্যদের দৃষ্টিভঙ্গির ভিন্নতা ও বৈচিত্র্যের প্রতি শ্রদ্ধা বজায় রেখে তাদের মতামতকে গুরুত্ব দিচ্ছে এবং গঠনমূলক আলোচনার মাধ্যমে নিজের দৃষ্টিভঙ্গি তুলে ধরছে</p>
<p>৯. দলের অন্যদের কাজের উপর ভিত্তি করে গঠনমূলক ফিডব্যাক দিচ্ছে</p>	<p>প্রয়োজনে দলের অন্যদের কাজের ফিডব্যাক দিচ্ছে কিন্তু তা যৌক্তিক বা গঠনমূলক হচ্ছে না</p>	<p>দলের অন্যদের কাজের গঠনমূলক ফিডব্যাক দেয়ার চেষ্টা করছে কিন্তু তা সবসময় বাস্তবসম্মত হচ্ছে না</p>	<p>দলের অন্যদের কাজের উপর ভিত্তি করে যৌক্তিক, গঠনমূলক ও বাস্তবসম্মত ফিডব্যাক দিচ্ছে</p>
<p>১০. ব্যক্তিগত যোগাযোগ, উপস্থাপন, মডেল তৈরি, উপকরণ নির্বাচন ও ব্যবহার, ইত্যাদি ক্ষেত্রে পরিমিতিবোধ, বৈচিত্র্যময়তা ও নান্দনিকতা বজায় রেখে সিদ্ধান্ত নিচ্ছে</p>	<p>ব্যক্তিগত যোগাযোগ, উপস্থাপন, মডেল তৈরি, উপকরণ নির্বাচন ও ব্যবহার, ইত্যাদি ক্ষেত্রে পরিমিতিবোধ ও নান্দনিকতার অভাব রয়েছে</p>	<p>ব্যক্তিগত যোগাযোগ, উপস্থাপন, মডেল তৈরি, উপকরণ নির্বাচন ও ব্যবহার, ইত্যাদি ক্ষেত্রে বৈচিত্র্য আনার চেষ্টা করছে কিন্তু পরিমিতিবোধ ও নান্দনিকতা বজায় রাখতে পারছে না</p>	<p>ব্যক্তিগত যোগাযোগ, উপস্থাপন, মডেল তৈরি, উপকরণ নির্বাচন ও ব্যবহার, ইত্যাদি ক্ষেত্রে পরিমিতিবোধ, বৈচিত্র্যময়তা ও নান্দনিকতা বজায় রেখে যৌক্তিক সিদ্ধান্ত নিচ্ছে</p>

পরিশিষ্ট ২

ষাণ্মাসিক সামষ্টিক মূল্যায়নের জন্য শিক্ষার্থীর উপাত্ত সংগ্রহের ছক

ষাণ্মাসিক সামষ্টিক মূল্যায়ন

প্রতিষ্ঠানের নাম :

তারিখ:

শ্রেণি : ষষ্ঠ

বিষয় : স্বাস্থ্য সুরক্ষা

শিক্ষকের নাম ও স্বাক্ষর :

প্রযোজ্য PI/BI নং

রোল নং	নাম											
		□○△	□○△	□○△	□○△	□○△	□○△	□○△	□○△	□○△	□○△	□○△
		□○△	□○△	□○△	□○△	□○△	□○△	□○△	□○△	□○△	□○△	□○△
		□○△	□○△	□○△	□○△	□○△	□○△	□○△	□○△	□○△	□○△	□○△
		□○△	□○△	□○△	□○△	□○△	□○△	□○△	□○△	□○△	□○△	□○△
		□○△	□○△	□○△	□○△	□○△	□○△	□○△	□○△	□○△	□○△	□○△
		□○△	□○△	□○△	□○△	□○△	□○△	□○△	□○△	□○△	□○△	□○△
		□○△	□○△	□○△	□○△	□○△	□○△	□○△	□○△	□○△	□○△	□○△

		প্রযোজ্য PI/BI নং									
রোল নং	নাম										
		□○△	□○△	□○△	□○△	□○△	□○△	□○△	□○△	□○△	□○△
		□○△	□○△	□○△	□○△	□○△	□○△	□○△	□○△	□○△	□○△
		□○△	□○△	□○△	□○△	□○△	□○△	□○△	□○△	□○△	□○△
		□○△	□○△	□○△	□○△	□○△	□○△	□○△	□○△	□○△	□○△
		□○△	□○△	□○△	□○△	□○△	□○△	□○△	□○△	□○△	□○△
		□○△	□○△	□○△	□○△	□○△	□○△	□○△	□○△	□○△	□○△
		□○△	□○△	□○△	□○△	□○△	□○△	□○△	□○△	□○△	□○△
		□○△	□○△	□○△	□○△	□○△	□○△	□○△	□○△	□○△	□○△
		□○△	□○△	□○△	□○△	□○△	□○△	□○△	□○△	□○△	□○△
		□○△	□○△	□○△	□○△	□○△	□○△	□○△	□○△	□○△	□○△
		□○△	□○△	□○△	□○△	□○△	□○△	□○△	□○△	□○△	□○△
		□○△	□○△	□○△	□○△	□○△	□○△	□○△	□○△	□○△	□○△
		□○△	□○△	□○△	□○△	□○△	□○△	□○△	□○△	□○△	□○△

পরিশিষ্ট ৩

ষাণ্মাসিক মূল্যায়ন শেষে শিক্ষার্থীর ট্রান্সক্রিপ্ট

প্রতিষ্ঠানের নাম			
শিক্ষার্থীর নাম :			
শিক্ষার্থীর আইডি :	শ্রেণি : ষষ্ঠ	বিষয় : স্বাস্থ্য সুরক্ষা	শিক্ষকের নাম :

পারদর্শিতার নির্দেশক (PI)	পারদর্শিতার মাত্রা		
	□	○	△
PI-৬.১.১ নিজের দৈনন্দিন যত্ন ও পরিচর্যা করছে	দৈনন্দিন যত্ন ও পরিচর্যা সংক্রান্ত নির্দেশনা অনুসরণ করছে।	বিদ্যালয়ে এবং/বা বাড়িতে দৈনন্দিন যত্ন ও পরিচর্যা করার উদ্যোগ আছে (প্রতিটি ক্ষেত্র থেকে চর্চার উদ্যোগ আছে)।	নিজ উদ্যোগে বিদ্যালয়ে এবং/বা বাড়িতে দৈনন্দিন যত্ন ও পরিচর্যা করছে (প্রতিটি ক্ষেত্র থেকে চর্চা করছে)।
	□	○	△
PI-৬.১.২ রোগ প্রতিরোধের সাধারণ অভ্যাসচর্চা করছে	রোগ প্রতিরোধে ব্যক্তিগত স্বাস্থ্য ও পরিচ্ছন্নতার নির্দেশনা অনুসরণ করছে।	বিদ্যালয়ে এবং/বা বাড়িতে ব্যক্তিগত স্বাস্থ্য ও পরিচ্ছন্নতার সাধারণ অভ্যাস মেনে চলার উদ্যোগ আছে।	নিজ উদ্যোগে বিদ্যালয়ে এবং/বা বাড়িতে ব্যক্তিগত স্বাস্থ্য ও পরিচ্ছন্নতার সাধারণ অভ্যাস চর্চা করছে।
	□	○	△
PI-৬.২.১ বয়ঃসন্ধিকালীন পরিবর্তনসমূহকে স্বাভাবিক প্রক্রিয়া হিসেবে গ্রহণ করছে	নিজের বয়ঃসন্ধিকালীন পরিবর্তনসমূহ নিয়ে জানার আগ্রহ প্রকাশ করছে এবং আলোচনায় অংশগ্রহণ করছে।	নিজের বয়ঃসন্ধিকালীন পরিবর্তনসমূহ নিয়ে প্রশ্ন করছে এবং নির্ভরযোগ্য সূত্র থেকে উত্তর খোঁজার চেষ্টা করছে।	নিজের বয়ঃসন্ধিকালীন পরিবর্তনসমূহ স্বাভাবিক প্রক্রিয়া হিসেবে গ্রহণ করছে।
	□	○	△
PI-৬.২.২ বয়ঃসন্ধিকালীন পরিবর্তন সংশ্লিষ্ট দৈনন্দিন পরিচর্যা ও ব্যবস্থাপনা করছে	বয়ঃসন্ধিকালীন পরিবর্তনের দৈনন্দিন ব্যবস্থাপনার উদ্যোগ আছে এবং সহায়তা চাইছে।	বয়ঃসন্ধিকালীন পরিবর্তনের দৈনন্দিন পরিচর্যা ও ব্যবস্থাপনা অনেকাংশে করছে।	। বয়ঃসন্ধিকালীন পরিবর্তনের দৈনন্দিন পরিচর্যা ও ব্যবস্থাপনা সঠিকভাবে করছে।



জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, বাংলাদেশ